৪

দৈনিক সংবাদ

তারিখ ... AUG 30 1999
পৃষ্ঠা ৬ কলাম ৩

কাপ্তাইয়ে ছাত্রদের সাথে স্থানীয় যুবকদের সংঘর্ষ

# সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

॥ আবুল কালাম আজাদ ॥

কাপ্তাই ঃ গত ২৫শে আগস্ট রাত থেকে কাপ্তাইস্থ বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ২৫শে আগস্ট রাতে ইনস্টিটিউটের ছাত্রদের সাথে স্থানীয় বিএফআইডিসি শিল্প এলাকার যুবকদের তুমুল সংঘর্ষের পর কর্তৃপক্ষ এই ঘোষণা দেয় এবং ছাত্রদের ২৪ ঘন্টার মধ্যে হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়। কলেজ এলাকার পরিস্থিতি উত্তপ্ত। পুলিশি ব্যবস্থা জোরদার করা হয়েছে।

জানা যায়, ঐদিন রাত ৯টা নাগাদ, স্থানীয় এক যুবক সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট (বিএসপিআই)-এর একজন ছাত্রের চোখে টর্চলাইটের আলো ফেললে উভয়ের মধ্যে বিতণ্ডার শুরু হয়। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নিলে বিএসপি-আইয়ের একজন ছাত্রের মাথা ফেটে যায়। এই ঘটনার সূত্র ধরে ছাত্ররা সম্মিলিতভাবে রাত সাড়ে ৯টায় বিএফআইডিসি শিল্প এলাকার বাসাবাড়ি ও দোকানপাটে এক-যোগে হামলা চালায়। এ সময় তারা বিএফআইসির প্রধান নিরাপত্তা কর্মকর্তার বাসভবনসহ কমপক্ষে ১৫/১৬টি বাসাবাড়ি ও দোকান ভাঙচুর ও লুটপাট চালায়।

হামলা, সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়ায় কমপক্ষে ১৫ জন আহত হয়েছে। এই ঘটনায় বিএসপিআই-এর ছাত্রদের বিরুদ্ধে কাপ্তাই থানায় মামলা দায়ের করা হয়েছে। ঐদিন রাতে কলেজ অধ্যক্ষ এক জরুরি নোটিশে ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে ছাত্রদের ২৪ ঘন্টার মধ্যে হলত্যাগের নির্দেশ দেন। সাথে সাথে ছাত্রাবাস শূন্য হয়ে যাওয়ায় পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। থানা নির্বাহী কর্মকর্তা, এএসপি সার্কেল, কাপ্তাই থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।